গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সৃজনশীল সেল, সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

**২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শেখ মুজিবর রহমান<br>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা) খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ১৪ ডিসেম্বর, ২০২১খ্রি. |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২য় সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইন্সট্রাক্টর (প্রশিক্ষণ বিভাগ) কে আহ্বান জানান। তদানুযায়ী শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে তুলে ধরলে সভায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচ্যসূচি অনুসারে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগ/শাখা/ইউনিট |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার ১ম কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদনের উপর খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক বিষয়ক আলোচনা। | ১.১। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ বিষয়ক মন্ত্রণালয়ের ফিডব্যাক নিয়ে আলোচনা করা হয়। বিভিন্ন দপ্তর/প্রকল্পের ক্রয়-পরিকল্পনা নির্ধারিত তারিখ ও ছকে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | সংশোধিত ক্রয় পরিকল্পনা নির্ধারিত ছকে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/ইউনিট/প্রকল্প অফিসকে পত্র প্রেরণ করে নির্দেশনা প্রদান করা হবে। | সংশ্লিষ্ট পরিচালক/প্রকল্প পরিচালক/সিস্টেম এনালিস্ট |
| | | ১.২। খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক অনুযায়ী খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম নং ৩.১ এ টিওএন্ডই হালনাগাদকরণ পরিবর্তন করে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক নতুন কোন কার্যক্রম গ্রহণের নিমিত্ত আলোচনা করা হয়। | ৩.১ এ খাদ্য অধিদপ্তরের টিওএন্ডই হালনাগাদকরণের পরিবর্তে নতুন একটি কার্যক্রম গ্রহণ করে ২০২১-২০২২ অর্থবছরের কর্ম-পরিকল্পনা সংশোধন করা হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট |
| | | ১.৩। ৩.২ এ খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের গাড়িসমূহে VTS (Vehicle Tracking System) সংযোজন করার কার্যক্রমটি নৌ-যানে খাদ্যশস্য পরিবহন ট্র্যাকিং কার্যক্রম লক্ষ্যমাত্রা হিসেবে গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ৩.২ এ খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের গাড়িসমূহে **VTS (Vehicle Tracking System)** সংযোজন করার কার্যক্রমটি **নৌ-যানে খাদ্যশস্য পরিবহন ট্র্যাকিং** কার্যক্রম লক্ষ্যমাত্রা হিসেবে ২০২১-২০২২ অর্থবছরে গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ১.৪। কার্যক্রম নং ৩.৩ এর স্মার্ট অফিস আইডি কার্ড প্রদান বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়। উক্ত কার্যক্রমের যথাযথ প্রমাণক নির্ধারণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | যথাযথ প্রমাণক নির্ধারণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট/সিস্টেম এনালিস্ট |
| | | ১.৫। ৩.৪ এ উল্লিখিত খাদ্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ডিজিটাল এক্সেস কন্ট্রোল সিস্টেম বাস্তবায়ন বিষয়ক কার্যক্রমের যথাযথ প্রমাণক নির্ধারণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | যথাযথ প্রমাণক নির্ধারণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| | | ১.৬। কার্যক্রম নং ৩.৫ এ উল্লিখিত খাদ্য ভবনে ফায়ার এক্সিট নির্মাণ বাস্তবায়ন বিষয়ক কার্যক্রমের যথাযথ প্রমাণক নির্ধারণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | যথাযথ প্রমাণক নির্ধারণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট/তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ০২ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন **অগ্রগতি।** | ২.১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন। | কর্ম-পরিকল্পনায় ২য় কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করার জন্য সংগ্রহ বিভাগকে অনুরোধ জানানো হয়। এক্ষেত্রে সভার | সংগ্রহ বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | নোটিশ, অংশগ্রহণকারী সদস্যদের হাজিরা এবং সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সরবরাহ করতে হবে। | |
| | | ২.২। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে জানা যায় ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত ৪(৮০জন)টি প্রশিক্ষণের মধ্যে ৩(৬৩জন)টি সম্পন্ন হয়েছে। এ জন্য প্রশিক্ষণ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করে পররর্তী ১(২০জন)টি প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | পররর্তী প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর |
| | | ২.৩। কার্যক্রম ১.৫ এর কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। | পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও স্বাস্থ্যবিধি অনুসরণের লক্ষ্যে<br>১। প্রত্যেক বিভাগের করিডোরে পর্যাপ্ত সংখ্যক ডাস্টবিন স্থাপন করতে হবে।<br>২। স্যানিটাইজেশন বুথ স্থাপন করতে হবে।<br>৩। পরিস্কার/পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি অনুসরণে নির্দেশনা জারি করতে হবে।<br>যথাযথ প্রমাণক (ছবি/প্রত্যয়ন পত্র/অফিস আদেশ) দাখিল করতে হবে। | প্রশাসন বিভাগ (নেজারত শাখা) |
| | | ২.৪। প্রকল্পের PSC ও PIC সভার আয়োজনের অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে সভার আয়োজন করতে হবে এবং প্রমাণকসমূহ দাখিল করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প অফিসে যোগাযোগ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | ২.৫। প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনায় নির্ধারিত হারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ০৩ | জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ বাস্তবায়ন। | জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ প্রণয়নপূর্বক স্ব-স্ব ওয়েবপোর্টালে প্রদর্শন এবং আখানি কর্তৃক ফিডব্যাক প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ প্রণয়নপূর্বক ওয়েবপোর্টালে প্রদর্শন এবং আখানি কর্তৃক ফিডব্যাক প্রদান করতে হবে। এ বিষয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণদের পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | সকল আখানি |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ মুজিবর রহমান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১- ৭৮৩৮(৩০) তারিখ: ২৮/১২/২০২১খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৪-১০। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক (সকল)..........................................................................................
১২-১৪। অতিঃ পরিচালক, প্রশাসন/অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৬। অফিস কপি।

২৮.১২.২০২১
(মো: নুরুজ্জামান)
ইন্সট্রাক্টর (প্রশিক্ষণ বিভাগ)
ও বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার)
ফোন-৯৫৫৬১৯৮